

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৩, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ / ১৩ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ৩২২-আইন/২০১৯/৮৪-মুসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর First Schedule এর Heading No. 24.02 এর আওতাধীন উৎপাদিত তামাকজাত বিড়ির উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আদায়ের লক্ষ্যে বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার বিধি-৪ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) উৎপাদিত বিভিন্ন ব্র্যান্ড, নাম ও মূল্যমানের ফিল্টার বিয়ুক্ত বা ফিল্টারযুক্ত বিড়ির জন্য সর্বোচ্চ খুচরা মূল্য হইবে নিম্নরূপ, যথা :—

(২৩৫২৫)

মূল্য : টাকা ৪.০০

মূল্যস্তর	সম্পূরক শুল্কহার (%)
(ক) বিড়ি (ফিল্টার বিযুক্ত)	
(১) ৮ শলাকার প্যাকেটের মূল্য ৪.৪৮ টাকা	৩০
(২) ১২ শলাকার প্যাকেটের মূল্য ৬.৭২ টাকা	৩০
(৩) ২৫ শলাকার প্যাকেটের মূল্য ১৪.০০ টাকা	৩০
(খ) বিড়ি (ফিল্টার সংযুক্ত)	
(১) ১০ শলাকার প্যাকেটের মূল্য ৮.৫০ টাকা	৪০
(২) ২০ শলাকার প্যাকেটের মূল্য ১৭.০০ টাকা	৪০

”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার  
প্রথম সচিব (মুসক নীতি)।